

## ভবিষ্যৎ পরিকল্পনা:

শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক অফিস এবং জেলা শিক্ষা অফিস হতে গৃহীত সকল কর্মসূচি বাস্তবায়নের সাথে সাথে ক্রমবর্ধমান মানসম্মত শিক্ষার চাহিদা পূরণের লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ক্ষমতা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিকেন্দ্রীকরণের ফলে প্রতিষ্ঠানের সকল সেবাসমূহকে মানুষের দোরগোঁড়ায় পৌঁছে দেয়া হবে এবং জনসচেতনতা সৃষ্টি করা হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন, ডিজিটাল কন্টেন্ট তৈরী করণ এবং যথাসময় পর্যন্ত পাঠদান কার্যক্রম নিশ্চিত করা হবে। সকল শিক্ষককে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও শক্তিশালী করার উদ্যোগ গ্রহণ করা হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠানকে কম পক্ষে ৩(তিন) মাসে এক বার পরিদর্শনের আওতায় নেয়া হবে।

২০২১-২০২২ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ:

- মাধ্যমিক বিদ্যালয়ের (ষষ্ঠ থেকে ৯ম) ও মাদ্রাসার (১ম থেকে ৯ম) সকল শিক্ষার্থীর মধ্যে পাঠ্যপুস্তক বিতরণে সহায়তা প্রদান।
- মানসম্মত শিক্ষা নিশ্চিত করণের লক্ষ্যে নড়িয়া উপজেলার সলক শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদ্রাসা) পরিদর্শন নিশ্চিতকরণ।
- শিক্ষা ব্যবস্থাপনায় ডিজিটালাইজেশনের প্রসারে সহায়তা করা ( ওয়েব সাইট তৈরী, ই-নথি, ই-মেনেজমেন্ট সিস্টেম)।
- নড়িয়া উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ ও মাদ্রাসা) মাল্টিমিডিয়া ক্লাসরুম ব্যবহার নিশ্চিতকরণ।
- নড়িয়া উপজেলার মাধ্যমিক বিদ্যালয়গুলোতে পিবিএম ও সিএ বাস্তবায়ন এবং আইসাস ও আইএমএস হালনাগাদ নিশ্চিতকরণ।
- শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণে সঠিক তথ্য যথাসময়ে সরবরাহে সহায়তা প্রদান।
- শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম সমূহের জবাবদিহিতা নিশ্চিতকরণ।
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং স্নাতক পর্যায়ে উপবৃত্তি বিতরণে সহায়তা প্রদান।
- প্রতিটি প্রতিষ্ঠানে মানসম্মত লাইব্রেরী ও মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন নিশ্চিত করণে সহায়তা প্রদান।
- প্রতিটি প্রতিষ্ঠানে সততা স্টোর ও সততা সংঘ গঠনে সহায়তা প্রদান।
- সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল হাজিরা ও ক্রোজ সার্কিট ক্যামেরা স্থাপন নিশ্চিত করা।
- শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষকের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান নিশ্চিতকরণ।